

## তথ্যকণিকা

### রানা প্লাজা ভবন ধসের বিষয়ে অন্টারিও কানাডায় মামলা

1. গত ২২ এপ্রিল ২০১৫ ইং তারিখে টরেন্টো, কানাডায় একটি মামলা শুরু হয়েছে, যা বিগত ২৪ এপ্রিল ২০১৩ ইং তারিখে সাভার এর রানা প্লাজা ধসের ঘটনায় দায়ের করা হয়েছে।
2. উল্লেখ্য রানা প্লাজা ধসের ঘটনায় কমপক্ষে ১,১৩০ জন পোশাক শ্রমিক নিহত এবং আরও অন্তত ২,৫২০ জন পোশাক কর্মী আহত হয়।
3. রানা প্লাজা ধসের উক্ত ঘটনায় সকল নিহত এবং আহত শ্রমিকদের পরিবারের জন্য ক্ষতিপূরণ আদায়ের লক্ষে তাদের পক্ষে অন্টারিও, কানাডার আদালতে এই মামলা পরিচালনার জন্য আরতি রাণী দাস, রেহানা খাতুন, মোহাম্মদ আলাউদ্দিন এবং কাসেম আলী প্রমুখ ব্যক্তিবর্গ টরেন্টো, কানাডায় অবস্থিত “রোশন জেনোভা এল.এল.পি.” নামক একটি ল.ফার্মকে নিয়োগ দেন।
4. ‘লবলস’ নামীয় একটি কানাডিয়ান পোশাক বিক্রয়কারী প্রতিষ্ঠান এর বিরুদ্ধে ক্ষতিপূরণ আদায়ের লক্ষে অন্টারিও, কানাডার আদালতে উক্ত মামলাটি দায়ের করে।
5. উল্লেখ্য রানা প্লাজায় অবস্থিত ‘নিউ ওয়েভ ষ্টাইল লি:’, ‘নিউ ওয়েভ বটমস লি:’ এবং উক্ত ভবনে অবস্থিত অন্যান্য গার্মেন্টস কারখানার শ্রমিকরা উক্ত লবলস – এর জন্য পোশাক তৈরি করতো এবং লবলস ছিলো রানা প্লাজায় অবস্থিত উল্লেখিত নিউ ওয়েভ ষ্টাইল লি: এবং নিউ ওয়েভ বটমস লি: এর একটি বড় মঞ্চল।
6. প্রসঙ্গত: ‘ব্যুরো ভেরিটাস’ কারখানার নিরাপত্তা নিশ্চিত করার জন্য গার্মেন্টস ফ্যাক্টরী পরিদর্শনকারী একটি ফরাসী নিরীক্ষক প্রতিষ্ঠান – যাদেরকে উক্ত লবলস রানা প্লাজায় অবস্থিত গার্মেন্টস ফ্যাক্টরীগুলো নিরীক্ষা ও পরিদর্শন করার জন্য নিয়োগ দেয় যাতে এইসব কারখানায় পোশাক তৈরিতে নিয়োজিত শ্রমিকরা নিরাপদে কাজ করতে পারে।
7. নিউ ওয়েভ ষ্টাইল লি: এবং নিউ ওয়েভ বটমস লি: সহ সারা পৃথিবীতে যত কারখানায় লবলস – এর পোশাক তৈরী হয়, লবলস সেসব কারখানার জন্য আচরণবিধী নির্ধারণ করে থাকে।
8. উক্ত মামলায় নিম্নলিখিত অভিযোগগুলো করা হয়েছে:
  - লবলস – এর দ্বায়িত্ব ছিলো তাদের পোশাক তৈরী করার জন্য রানা প্লাজায় অবস্থিত গার্মেন্টস কারখানায় কার্যরত পোশাক কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করা।
  - নিউ ওয়েভ ষ্টাইল লি:এবং নিউ ওয়েভ বটমস লি: নামীয় দুটি গার্মেন্টস কারখানায় কার্যরত পোশাক কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করার দ্বায়িত্ব পালনে লবলস পুরোপুরি ব্যর্থ হয়েছে।
  - ব্যুরো ভেরিটাস উক্ত কারখানা সমূহের পরিপূর্ণ এবং যথাযথ নিরাপত্তা জনিত নরীক্ষা ও পরিদর্শন এর মাধ্যমে কর্মরত শ্রমিকদের নিরাপত্তা নিশ্চিত করতে ব্যর্থ হয়েছে।
9. এই মামলা “রানা প্লাজা ডোনার ফাল্ড” – এর মাধ্যমে প্রদত্ত যেকোন ক্ষতিপূরণের আওতা বহির্ভূত, এবং বাড়তি ক্ষতিপূরণ আদায়ের জন্য।

বিঃ দ্রঃ এই মামলার আর্জি দেখবার জন্য [এখানে ক্লিক করুন।](#)